

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।  
Date- 1/4 FEB 2022  
প্রাপ্ত পত্র নং.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা।

= ৭৫২ =

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৭/৪৯(১)

তারিখ: ০৯/০২/২০২২ খ্রি:।

বিষয়: স্থানীয় বাজার হতে ক্রয়কৃত কাঁচামাল পরবর্তী বছরের প্রাপ্যতায় অন্তর্ভুক্তকরণ।

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৭/৩৫৭, তারিখ: ২৯/১১/২০২১ খ্রি:।  
২। কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নং-৫(১৩)১৮০/বন্ড কমি:/বিবিধ যোগাযোগ/২০০৭/১৩৫৯৬, তারিখ: ০৭.১১.২০২১ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। সূত্রীয় ১ নং পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড উৎপাদনকারী প্রতিষ্ঠান থেকে সরবরাহ পর্যায়ে প্রযোজ্য মূসক প্রদান সাপেক্ষে ব্যাক টু ব্যাক এলসির বিপরীতে সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ করার অনুমতি প্রদান করা হয়েছিল। তবে অনেক কাঁচামাল বাংলাদেশে উৎপাদিত না হওয়ায় রপ্তানি নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে সূত্রীয় ১ নং আদেশের (ক) এবং (খ) এর পরিবর্তে নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

i) শতভাগ রপ্তানীমুখী প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠান স্থানীয় সরবরাহকারী থেকে পণ্য সংগ্রহপূর্বক ব্যাক টু ব্যাক এলসির বিপরীতে সরাসরি উৎপাদনকারী প্রতিষ্ঠানে/সরাসরি বিদেশে রপ্তানি করতে পারবে। এক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদসংশ্লিষ্ট বিধানাবলী পরিপালন সাপেক্ষে পরবর্তী প্রাপ্যতায় Performance হিসেবে বিবেচনা করা হবে।

০৩। The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnrb@gmail.com

প্রাপক:

১-২। কমিশনার,  
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৭/

অনুলিপি: সদয় অবগতির জন্য

তারিখ: ০৯/০২/২০২২ খ্রি:।

১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ ভবন, বাড়ি নং-৭/৭ এ, ব্লক নং-এইজ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা।

৩। সভাপতি, বিজেএপিএমইএ, সোনারতরী টাওয়ার, ১২ সোনারগাঁও লিংক রোড, বাংলামটর, ঢাকা।

৪-৫। অফিস কপি/গার্ড নথি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩